ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭৩২
আগরতলা, ৪ সেপ্টেম্বর, ২০২৫

## এনএসআরসিসি'তে ব্যাডমিন্টন প্রতিযোগিতার উদ্বোধন
## বর্তমান যুব সমাজকে আরও বেশি করে খেলাধুলার সঙ্গে যুক্ত করতে হবে ঃ মুখ্যমন্ত্রী

শারীরিক ও মানসিক বিকাশের এবং মনোরঞ্জনের জন্য খেলাধুলা হল অন্যতম ক্ষেত্র। সুস্থ সংস্কৃতির বিকাশে, সুন্দর সমাজ গঠনে খেলাধুলার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। খেলাধুলার সঙ্গে যুক্ত থাকলে মানসিকভাবেও ভাল থাকা যায়। বর্তমান যুব সমাজকে আরও বেশি করে খেলাধুলার সঙ্গে যুক্ত করতে হবে। আজ আগরতলায় নেতাজী সুভাষ আঞ্চলিক ক্রীড়া প্রশিক্ষণ কেন্দ্রের ইনডোর স্টেডিয়ামে ইউনেক্স সানরাইজ নর্থ ইস্ট জোন ইন্টার স্টেট জোনাল ব্যাডমিন্টন চ্যাম্পিয়ান শিপের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। ৪ দিন ব্যাপী এই প্রতিযোগিতায় উত্তর পূর্বাঞ্চলের ৮টি রাজ্য থেকে জুনিয়র ও সিনিয়র বিভাগে ২১৬ জন ব্যাডমিন্টন খেলোয়াড় অংশ নিয়েছেন। প্রতিযোগিতা চলবে আগামী ৭ সেপ্টেম্বর পর্যন্ত।

প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, এই প্রতিযোগিতা উত্তর-পূর্বাঞ্চলের ব্যাডমিন্টন খেলোয়াড়দের প্রতিভা বিকাশে সহায়ক ভূমিকা নেবে। এই অঞ্চলের রাজ্যগুলিতে ক্রীড়া প্রতিভার অভাব নেই। উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির আর্থসামাজিক অবস্থার উন্নয়নের সাথে সাথে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি খেলাধুলার উন্নয়নেও সমান গুরুত্ব দিয়েছেন। এই অঞ্চলের রাজ্যগুলিতে ক্রীড়া পরিকাঠামোর উন্নয়নে কেন্দ্রীয় সরকার বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যো ক্রীড়া প্রতিভার অভাব নেই। রাজ্যের খেলোয়াড়রা জাতীয় ও আন্তর্জাতিক স্তরে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় ভাল ফলাফল করছে। বর্তমান রাজ্য সরকার রাজ্যের ক্রীড়া পরিকাঠামোর অনেক উন্নয়ন করেছে। এই কাজ অব্যাহত আছে। তিনি বলেন, ইতিমধ্যেই রাজ্যের বিভিন্ন স্থানে ৮টি সিন্থেটিক টার্ফ ফুটবল মাঠ করা হয়েছে। অত্যাধুনিক সুইমিং পুল তৈরী করা হয়েছে। উমাকান্ত স্টেডিয়ামে সিন্থেটিক টার্ফ বসানো হয়েছে এবং রাতেও ফ্লাড লাইটে ফুটবল খেলার আয়োজন করা হচ্ছে। সারা রাজ্যে ইতিমধ্যেই ৫০টি ওপেন জিমনাসিয়াম করা হয়েছে। বাধারঘাট স্পোর্টস কমপ্লেক্সে ২০০ শয্যাবিশিষ্ট স্পোর্টস হোস্টেল তৈরী করা হবে। এভাবেই সারা রাজ্যে ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলার কাজ চলছে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী খেলোয়াড়দের রাজ্যের পর্যটন কেন্দ্রগুলি ভ্রমণ করার জন্যও মুখ্যমন্ত্রী আহ্বান জানান। উদ্বোধনী অনুষ্ঠানের পর মুখ্যমন্ত্রী সহ অতিথিগণ খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী। তিনি বলেন, জাতীয়স্তরে ব্যাডমিন্টনে রাজ্যের খেলোয়াড়দের সুনাম রয়েছে। তিনি আশা প্রকাশ করেন এই প্রতিযোগিতায় রাজ্যের খেলোয়াড়গণ তাদের সুনাম অক্ষুন্ন রাখবেন। বক্তব্য রাখেন ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের সম্পাদক সুকান্ত ঘোষ। উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, আগরতলা পুরনিগমের কর্পোরেটর রত্না দত্ত, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা এল ডার্লং, পদ্মশ্রী দীপা কর্মকার, ত্রিপুরা ব্যাডমিন্টন অ্যাসোসিয়েশনের সম্পাদক রূপক কুমার সহা, কার্যকরি সভাপতি রতন সাহা, মণিপুর ব্যাডমিন্টন অ্যাসোসিয়েশনের সভাপতি তথা বিধায়ক বিশ্বজিৎ সিং প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

******